# 2019

## Diploma Course in Bengali Language (DCBL)

## **Second Semester : 4th paper**

## Textual Glimpses of Bengali Literature

Full Marks: 80 Time: 3 hours

# ২০১৯

## বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

## **দ্বিতীয় ষাণ্মাসিক : ৪র্থ পত্র**

## বাংলা সাহিত্যের পাঠকৃতি

পূর্ণমান: ৮০ সময়: ৩ ঘণ্টা

১) সংক্ষিপ্ত উত্তর দিন (যে কোন **৫টি**) : - ১ x ৫ = ৫

ক) 'ওরে বাছা। মাতৃ-কোষে রতনের রাজি' এখানে 'মাতৃকোষে রতনের রাজি' বলতে কী বোঝানো হয়েছে?

খ) কবি মাইকেল মধুসুদন দত্ত স্বপ্নে কার আদেশ পেয়েছেন?

গ) বিদ্যালয়কে বিশ্বের সঙ্গে মিলিয়ে দিতে, মনুষ্যত্ব চর্চার কেন্দ্র স্থাপন করতে এবং সংকীর্ণতার যুগের অবসান করে বিশ্বজাগতিক মহামিলন যজ্ঞের প্রতিষ্ঠা করতে কবিগুরু কী গড়ে তুলেছেন?

ঘ) শৈলশহরের প্রেক্ষাপটে কবিগুরু রচিত উপন্যাসটির নাম কী?

ঙ) কাণ্ডারী হুঁশিয়ার কবিতায় কাণ্ডারী কে?

চ) "দুর্গম গিরি কান্তার মরু" —এখানে কীসের ইঙ্গিত বহন করছে?

২) প্রশ্নানুযায়ী উত্তর লিখুন : - ২ + ২ + ১ = ৫

ক) আচরি, কাটাইনু (কাব্যিক শব্দগুলোর আধুনিক রূপ লিখুন)

খ) যে কোন **দু'টির** অর্থ লিখুন : - ধরা, হিম্মৎ, শকতি।

গ) শূন্যস্থান পূর্ণ করুন : -
আমাদের জাতীয় সঙ্গীত লেখার সময়কাল ____ (১৯০৫/১৯১১/১৯১২)।

অপর পৃষ্ঠায় দেখুন

৩) প্রসঙ্গ উল্লেখ করে বক্তার নাম লিখুন (যে কোন **২টি**) : - ২ x ২ = ৪

ক) কেলিনু শৈবালে ভুলি কমল-কানন!

খ) দুঃখতাপে ব্যথিত চিতে
নাই বা দিলে সান্ত্বনা
দুঃখে যেন করিতে পারি জয়।

গ) কে আছো জোয়ান হও আগুয়ান হাঁকিছে ভবিষ্যৎ
এ তুফান ভারী, দিতে হবে পাড়ি, নিতে হবে তরী পার।

৪) নিম্মলিখিত **দু'টি** প্রশ্নের উত্তর লিখুন : - ৩ x ২ = ৬

ক) বঙ্গভাষা কবিতাটিকে একটি অন্তরঙ্গ আত্মজীবনীমূলক আখ্যানও বলা চলে —উক্তিটির যথার্থতা প্রমাণ করুন।

খ) বাংলায় সনেট কাকে বলে? এটির বৈশিষ্ট্য কী?

গ) মাতৃভাষার স্বরূপ উপলব্ধি করে মাইকেল কীভাবে লাভবান হন?

ঘ) একুশে ফেব্রুয়ারির বিশেষত্ব কী? বঙ্গভাষা কবিতাটি কেন বিশ্বমাতৃভাষা দিবসে প্রাসঙ্গিক?

৫) সংক্ষিপ্ত উত্তর দিন (যে কোন **৫টি**) : - ১ x ৫ = ৫

ক) পথের পাঁচালীর লেখক কে?

খ) পাদটীকা গল্পের স্থানটি কোথায়?

গ) মা কেন অপুকে ডেকে তুলেছেন?

ঘ) পাদটীকা গল্পের পাকা ছেলেটির নাম কী?

ঙ) শাখামৃগ বলতে কী বোঝায়?

চ) নিমগাছটির যে প্রাণ আছে তা কে আবিষ্কার করেন —কবিরাজ না কবি?

৬) সংক্ষেপে উত্তর লিখুন (যে কোন **দু'টি**) : - ২ x ২ = ৪

ক) পাঠশালা সম্পর্কে অপুর কী ধারণা ছিল?

খ) প্রসন্ন মাস্টার ছাত্রদের পড়ানোর ফাঁকে ফাঁকে কী কাজ করতেন?

গ) পণ্ডিতমশাই বাংলা ব্যাকরণের কোন্ বিষয়টি পড়াতেন?

 অপর পৃষ্ঠায় দেখুন

৭) সঠিক উত্তরটি দিন : - ১ x ৩ = ৩

ক) পাদটীকা : ____ (সুকুমার রায়/বনফুল/সৈয়দ মুজতবা আলী)

খ) নিমগাছ : ____ (বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়/উপেন্দ্রকিশোর রায়চৌধুরী/বনফুল)

গ) আবোল তাবোল : ____ (সুকুমার রায়/দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার)

৮) উত্তর লিখুল যে কোন **দু'টির** : - ৩ x ২ = ৬

ক) এন. ডি. বিটসন বেল-এর পরিচয় দিন। তাঁর আসল নাম কী?

খ) শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে যে মড়ক লেগেছিল এগুলো কী?

*অথবা*

টোল এবং চতুষ্পাঠীয় অবক্ষয় কেন শুরু হয়েছিল?

গ) শিশু এবং কিশোর সাহিত্যের প্রয়োজন কেন?

৯) শুদ্ধ উত্তরটি লিখুন : - ১ x ২ = ২

ক) পথের পাঁচালীর যমজ সংস্করণ হল ____ (আরণ্যক/আম আঁটির ভেঁপু)।

খ) ভিলেজ স্কুল মাস্টার-এর রচয়িতা ____ (নিকোলাস ভড/অলিভার গোল্ডস্মিথ)।

১০) যে কোন **তিনটির** উত্তর লিখুন : - ২ x ৩ = ৬

ক) কেকাধ্বনি কী? এটা কখন প্রকট হয়?

খ) 'ব্যাঙ' শব্দের সংস্কৃত নাম কী? কোন্ গানে এই শব্দটির উল্লেখ আছে?

গ) কবি বিদ্যাপতির রচনার ভাষা কী? কবিগুরু এই ভাষার অনুকরণে কী রচনা করেন?

ঘ) পাইলগাঁও থাকতে লেখক সুজিৎ চৌধুরী কী ধরনের বই পড়তেন?

১১) সংক্ষেপে উত্তর দিন (যে কোন **চারটি**) : - ১ x ৪ = ৪

ক) লোকগণনা বলতে কী বোঝায়?

খ) হক্ এবং স্মিড্ দেশভ্রমণের জন্য কোথায় গিয়েছিল?

গ) 'কৈাশোরক' কী?

ঘ) কাফ্রি তরুণীটি কে ছিল?

ঙ) সুজিৎ চৌধুরীর বাল্যকালটা কোথায় কেটেছে?

১২) যে কোন **দু'টি** প্রশ্নের উত্তর দিন : - ৩ x ২ = ৬

ক) টীকা লিখুন : - ভোম্বল ***অথবা*** হাবুলচান্দোর

খ) 'গহনগিরির সন্ন্যাসী' সম্বন্ধে অতি সংক্ষেপে লিখুন।

গ) আত্মজীবনী কাকে বলে? সুজিৎ চৌধুরীর লেখা 'হারানো দিন হারানো মানুষ' কী ধরণের রচনা?

ঘ) দুই শ্বেত বন্দিকে নিয়ে কাফ্রিদের কী পরিকল্পনা ছিল?

১৩) টীকা লিখুন (যে কোন **দু'টি**) : - ২ x ২ = ৪

(ক) মাইকেল মধুসূদন দত্ত, (খ) বনফুল, (গ) জয়দেব, (ঘ) ষড়ঋতু।

১৪) সংক্ষেপে যে কোন **দু'টির** উত্তর লিখুন : - ৩ x ২ = ৬

ক) অনূদিত সাহিত্য কাকে বলে? উদাহরণ সহ লিখুন।

খ) থানিনজাউ কে? তার আগমনে চাউবার পরিবার কেন বিষাদগ্রস্ত হয়েছিল?

গ) 'তৃতীয় নেত্র' গল্পটি কার রচিত? গল্পটির মুখ্য চরিত্র কে? তিনি কেন শিল্পী হিসেবে নিজেকে অক্ষম ভেবেছেন?

১৫) উত্তর দিন (যে কোন **দু'টি**) : - ২ x ২ = ৪

ক) জুমচাষ কীভাবে করা হয়? এতে কী কী ফলন হয়?

খ) উত্তর পূর্বাঞ্চলের সাহিত্য বলতে কী বোঝায়?

গ) লোককথা কী? পশুপক্ষীদের নিয়ে প্রচলিত লোককাহিনীগুলোকে কী বলে অভিহিত করা হয়?

১৬) সংক্ষিপ্ত উত্তর লিখুন (যে কোন **দু'টি**) : - ৩ x ২ = ৬

ক) জাহানারা কে? তিনি কেন তাঁর পিতার সিংহাসন রক্ষার কথা বলেছিলেন?

খ) সম্রাট সাজাহান শুধু পিতা নয়- সম্রাট, —কথাটির তাৎপর্য লিখুন।

গ) নাট্যকার দ্বিজেন্দ্রলাল রায় সম্বন্ধে সংক্ষেপে লিখুন।

১৭) টীকা লিখুন (যে কোন **দু'টি**) : - ২ x ২ = ৪

নাদিরা, ঔরঙ্গজেব, পরভেজ, রঙ্গমঞ্চ

শেষ পৃষ্ঠা -